১২৫

দৈনিক ইনকিলাব

তারিখ ... 10 AUG 1997 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৩ ......

## সূর্যসেন হলে জিয়া-মুজিবের ছবি মুছে ফেলা হচ্ছে

# বিতাড়িত ছাত্র নেতা-কর্মীদের হলে তুলে দেয়া হবে মঙ্গলবারে

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৯টি ছাত্র হল থেকে বিতাড়িত সকল ছাত্র সংগঠনের নেতা-কর্মীদের আগামী মঙ্গলবার একযোগে নিজ নিজ হলে তুলে দেয়া হবে। গতকাল সন্ধ্যায় অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের সাথে ছাত্র নেতৃবৃন্দের সভায় হলে হলে সকল ছাত্র সংগঠনের নেতা-কর্মীদের সহাবস্থান এবং সকল ছাত্রের নিজ নিজ হলে অবস্থান নিশ্চিত করার এ সিদ্ধান্ত নেয়া হয়। সূর্যসেন ও জগন্নাথ হল আপাতত এই প্রক্রিয়ার বাইরে

১১-এর পৃঃ ৩-এর কঃ দেখুন

**সূর্যসেন হল** প্রথম পৃষ্ঠার পর

থাকিবে। জাতীয়তাবাদী ছাত্র দল, মুজিববাদী ছাত্র লীগ ও গণতান্ত্রিক ছাত্র ঐক্য নেতৃবৃন্দ সভায় এ সিদ্ধান্ত নেন। ভিসি প্রফেসর এ কে আজাদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত প্রশাসনিক ভবনের সভাকক্ষে বিশ্ববিদ্যালয় পরিবেশ পরিষদের এ সভায় প্রক্টর প্রফেসর নূরুন্নবীসহ,হল প্রভোস্টগণ উপস্থিত ছিলেন। সভায় সিদ্ধান্ত হয় যে, সূর্যসেন হল গেটে অংকিত মরহুম প্রেসিডেন্ট শেখ মুজিবুর রহমান ও শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ছবি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আজ বেলা ১২টার মধ্যে মুছে দেবে। কেবল জিয়া হলে জিয়া, মুজিব হলে মুজিব এবং এফ রহমান হলে এফ রহমানের ছবি ছাড়া অন্য সকল হল এবং বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রধান ভবনসমূহ থেকে অন্য সব নেতা-নেত্রীর ছবিও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আজ একই সঙ্গে মুছে ফেলার ব্যবস্থা করবে।

সভায় সূর্যসেন হলসহ বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক পরিস্থিতি নিয়ে আলোচনা হয়। ছাত্র দল নেতা শহীদ উদ্দীন চৌধুরী এ্যানি, হাবিবুন্নবী সোহেল, মনোয়ার হোসেন রানা, সেলিমুজ্জামান সেলিম এবং ছাত্র লীগ নেতা এনামুল হক শামীম, ইসহাক আলী খান পান্না, বাহাদুর বেপারী, আবদুল ওয়াদুদ, খোকন প্রমুখ আলোচনায় অংশ নেন। সভায় সিদ্ধান্ত হয় যে, আগামী ১২ আগস্ট (মঙ্গলবার) সকাল সাড়ে ৯টা থেকে একযোগে সকল বিতাড়িত ছাত্রকে বৈধ পরিচয়পত্র পরীক্ষা করে নিজ নিজ হলে তুলে দেয়া হবে। ভিসি, প্রভোস্ট, প্রক্টর ও ছাত্র নেতৃবৃন্দ এ সময় উপস্থিত থাকবেন। এদের মধ্যে কেউ আজ বা আগামীকাল নিজ হলে উঠতে চাইলে তাকে উঠিয়ে দেয়া হবে। ছাত্র দল, ছাত্র লীগ ও অন্য সংগঠন আগামীকালের মধ্যে বিভিন্ন হল থেকে বিতাড়িত তাদের নেতা-কর্মী, সমর্থকদের তালিকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে জমা দেবে। কর্তৃপক্ষ তাদের নামে বরাদ্দকৃত কক্ষ ও সীট খালি করার ব্যবস্থা করবে। ১২ আগস্ট থেকে সকল হলে কেবল বৈধ ছাত্র এবং ছাত্র সংগঠনের কেন্দ্রীয় ও বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি ও সাধারণ সম্পাদক ছাড়া অন্য কেউ প্রবেশ করতে পারবে না। তবে হলে ছাত্র সংগঠনের কোন কর্মসূচী থাকলে এই নেতাদের সাথে অন্য নেতারাও যেতে পারবেন।